রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**

**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**বৃহস্পতিবার, নভেম্বর ৮, ২০১২**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**যুব ও ক্রীড়া মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২০ কার্তিক ১৪১৯ বঙ্গাব্দ/৪ নভেম্বর ২০১২ খ্রিস্টাব্দ

**এস, আর, ও নং ৩৭২-আইন/২০১২।**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩৩ অনুচ্ছেদের শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের ১৪০(২) অনুচ্ছেদের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন :

১। **শিরোনাম।**—এই বিধিমালা যুব উন্নয়ন অধিদপ্তর (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১২ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা।**—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোন কিছু না থাকিলে, এই বিধিমালায়,—

(ক) "কমিশন" অর্থ বাংলাদেশ সরকারি কর্ম কমিশন;

(খ) "তফসিল" অর্থ এই বিধিমালার সহিত সংযোজিত তফসিল;

(গ) "নিয়োগকারী কর্তৃপক্ষ" অর্থ সরকার বা সরকার কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোন কর্মকর্তা;

(ঘ) "পদ" অর্থ তফসিলে উল্লিখিত কোন পদ;

(ঙ) "প্রয়োজনীয় যোগ্যতা" অর্থ সংশ্লিষ্ট পদের জন্য তফসিলে উল্লিখিত যোগ্যতা;

(চ) "শিক্ষানবিস" অর্থ কোন পদে শিক্ষানবিস হিসাবে নিযুক্ত কোন ব্যক্তি;



**মূল্য ঃ** টাকা ২০.০০

(ছ) "স্বীকৃত বিশ্ববিদ্যালয়" বা "স্বীকৃত বোর্ড" বা "স্বীকৃত প্রতিষ্ঠান" বা "স্বীকৃত ইন্সটিটিউট" অর্থ আপাততঃ বলবৎ কোন আইনের দ্বারা বা অধীন প্রতিষ্ঠিত কোন বিশ্ববিদ্যালয় বা বোর্ড বা প্রতিষ্ঠান বা ইন্সটিটিউট এবং এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে, কমিশনের সহিত পরামর্শক্রমে, সরকার কর্তৃক স্বীকৃত বলিয়া ঘোষিত অন্য কোন বিশ্ববিদ্যালয় বা বোর্ড বা প্রতিষ্ঠান বা ইন্সটিটিউটও ইহার অন্তর্ভুক্ত হইবে;

(জ) "বাছাই কমিটি" অর্থ এতদুদ্দেশ্যে সরকার কর্তৃক গঠিত বাছাই কমিটি।

৩। **নিয়োগ পদ্ধতি**।—(১) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ২৯(৩) এর উদ্দেশ্য পূরণকল্পে, সংরক্ষণ সংক্রান্ত নির্দেশাবলী এবং তফসিলে বর্ণিত বিধান সাপেক্ষে কোন পদে নিম্নবর্ণিত পদ্ধতিতে নিয়োগ করা হইবে, যথা :—

(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে;

(খ) পদোন্নতির মাধ্যমে; এবং

(গ) প্রেষণে বদলীর মাধ্যমে।

(২) কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগ করা হইবে না, যদি তজ্জন্য তাহার প্রয়োজনীয় যোগ্যতা না থাকে এবং সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার বয়স উক্ত পদের জন্য তফসিলে বর্ণিত বসয়সীমার মধ্যে না হয় :

তবে শর্ত থাকে যে, কোন ব্যক্তিকে কোন পদে ইতোপূর্বে এডহক ভিত্তিতে নিয়োগ করা হইয়া থাকিলে, উক্ত পদে অব্যাহতভাবে নিযুক্ত থাকাকালীন কার্যকালের জন্য তাহার সর্বোচ্চ বসয়সীমা শিথিল করা যাইতে পারে :

আরও শর্ত থাকে যে, ১৯৯৭ সালের ৩০ জুন পরবর্তী অনুমোদিত কিংবা শুরু হওয়া প্রকল্পের জনবল নিয়োগের ক্ষেত্রে উন্নয়ন প্রকল্প হইতে রাজস্ব বাজেটের পদে নিয়োগের ক্ষেত্রে বয়স শিথিলকরণ বিধিমালা, ২০০৫ যথাসম্ভব অনুসরণ করা যাইবে।

৪। **সরাসরি নিয়োগ**।—(১) কমিশনের সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতাভুক্ত কোন পদে কোন ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(২) নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত বাছাই কমিটির সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতা বহির্ভূত কোন পদে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(৩) কোন পদে সরাসরি নিয়োগের জন্য কোন ব্যক্তি যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না, যদি তিনি—

(ক) বাংলাদেশের নাগরিক না হন, অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন, অথবা বাংলাদেশের ডমিসাইল না হন;

(খ) এমন কোন ব্যক্তিকে বিবাহ করেন অথবা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন যিনি বাংলাদেশের নাগরিক নহেন।

(৪) কোন পদে সরাসরি নিয়োগ করা হইবে না, যদি—

(ক) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্যে স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক কর্তৃক গঠিত মেডিকেল বোর্ড অথবা ক্ষেত্রবিশেষে, তৎকর্তৃক মনোনীত কোন মেডিকেল অফিসার এই মর্মে প্রত্যয়ন না করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে অনুরূপ পদে নিয়োগযোগ্য এবং তিনি এইরূপ কোন দৈহিক বৈকল্যে ভুগিতেছেন না, যাহা সংশ্লিষ্ট পদের দায়িত্ব পালনে কোন ব্যাঘাত সৃষ্টি করিতে পারে; এবং

(খ) এইরূপে বাছাইকৃত ব্যক্তির পূর্ব-কার্যকলাপ যথাযোগ্য এজেন্সীর মাধ্যমে তদন্ত না হইয়া থাকে ও তদন্তের ফলে দেখা না যায় যে, প্রজাতন্ত্রের চাকুরীতে নিযুক্তির জন্য তিনি অনুপযুক্ত নহেন।

(৫) কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগের জন্য সুপারিশ করা হইবে না, যদি তিনি—

(ক) উক্ত পদের জন্য কমিশন কর্তৃক বা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক দরখাস্ত আহ্বানের বিজ্ঞপ্তিতে উল্লিখিত ফিসহ যথাযথ ফরম ও নির্দিষ্ট তারিখের মধ্যে দরখাস্ত দাখিল না করেন; এবং

(খ) সরকারি চাকুরী কিংবা কোন স্থানীয় কর্তৃপক্ষের চাকুরীতে নিয়োজিত থাকাকালে স্বীয় ঊর্ধ্বতন কর্মকর্তার মাধ্যমে দরখাস্ত দাখিল না করেন।

৫। **পদোন্নতির মাধ্যমে নিয়োগ**।—(১) এতদুদ্দেশ্যে সরকার কর্তৃক গঠিত সংশ্লিষ্ট বাছাই কমিটির সুপারিশের ভিত্তিতে কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে :

তবে শর্ত থাকে যে, ৩য় শ্রেণী হইতে ২য় শ্রেণী এবং ২য় শ্রেণী হইতে ১ম শ্রেণীর পদে কমিশনের সুপারিশের ভিত্তিতে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে।

(২) যদি কোন ব্যক্তির চাকুরীর বৃত্তান্ত সন্তোষজনক না হয়, তাহা হইলে তিনি কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

৬। **শিক্ষানবিস**।—(১) স্থায়ী শূন্য পদের বিপরীতে কোন পদে নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে শিক্ষানবিসির স্তরে—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, চাকুরীতে যোগদানের তারিখ হইতে দুই বৎসরের জন্য; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, এইরূপ নিয়োগের তারিখ হইতে এক বৎসরের জন্য, নিয়োগ করা হইবে :

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া কোন শিক্ষানবিসের শিক্ষানবিসির মেয়াদ এইরূপ বৃদ্ধি করিতে পারিবে যাহাতে বর্ধিত মেয়াদ সর্বসাকুল্যে দুই বৎসরের অধিক না হয়।

(২) যে ক্ষেত্রে কোন শিক্ষানবিসের শিক্ষানবিসির মেয়াদ চলাকালে নিয়োগকারী কর্তৃপক্ষ মনে করে যে, তাহার আচরণ ও কর্ম সন্তোষজনক নহে বা তাহার কর্মদক্ষ হওয়ার সম্ভাবনা নাই, সেইক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, উক্ত শিক্ষানবিসের চাকুরীর অবসান ঘটাইতে পারিবে; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবে।

(৩) শিক্ষানবিসির মেয়াদ, বর্ধিত মেয়াদ থাকিলে তাহাসহ, পূর্ণ হইবার পর নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) যদি এই মর্মে সন্তুষ্ট হয় যে, শিক্ষানবিসি মেয়াদ চলাকালে কোন শিক্ষানবিসের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল, তাহা হইলে উপ-বিধি (৪) এর বিধান সাপেক্ষে, তাহাকে চাকুরীতে স্থায়ী করিবে; এবং

(খ) যদি মনে করে যে, উক্ত মেয়াদ চলাকালে কোন শিক্ষানবিসের আচরণ ও কর্ম সন্তোষজন ছিল না, তাহা হইলে উক্ত কর্তৃপক্ষ—

(অ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার চাকুরীর অবসান ঘটাইতে পারিবে; এবং

(আ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবে।

(৪) কোন শিক্ষানবিসিকে কোন নির্দিষ্ট পদে স্থায়ী করা হইবে না যতক্ষণ না সরকারি আদেশবলে সময়ে সময়ে যে পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়, সেই পরীক্ষায় তিনি পাস করেন ও প্রশিক্ষণ গ্রহণ করেন।

৭। **রহিতকরণ ও হেফাজত।**—(১) যুব উন্নয়ন অধিদপ্তর (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০০৪, অতঃপর উক্ত বিধিমালা বলিয়া উল্লিখিত, এতদ্বারা রহিত করা হইল।

(২) উক্তরূপ রহিতকরণ সত্ত্বেও উক্ত বিধিমালার আওতায় যে সকল কার্যক্রম নিষ্পন্ন হইয়াছে তাহা এই বিধিমালার অধীন সম্পন্ন হইয়াছে বলিয়া গণ্য হইবে এবং এই বিধিমালা জারীর তারিখে অনিষ্পন্ন কার্যাদি, যতদূর সম্ভব, এই বিধিমালার অধীন নিষ্পন্ন করিতে হইবে।

**তফসিল**
**[ বিধি ২ (খ) দ্রষ্টব্য ]**

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| (১) | মহাপরিচালক | | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলীর মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে :**<br>পরিচালক পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরীসহ ১৮ (আঠার) বৎসরের ১ম শ্রেণীর সরকারি চাকুরীর অভিজ্ঞতা।<br>**প্রেষণের ক্ষেত্রে :**<br>সরকার কর্তৃক প্রেষণ সংক্রান্ত প্রচলিত বিধি-বিধান অনুযায়ী। |
| (২) | পরিচালক | | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলীর মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে :**<br>উপ-পরিচালক, কো-অর্ডিনেটর বা অধ্যক্ষ পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরীসহ ১২ (বার) বৎসরের ১ম শ্রেণীর সরকারি চাকুরীর অভিজ্ঞতা।<br>**প্রেষণের ক্ষেত্রে :**<br>সরকার কর্তৃক প্রেষণ সংক্রান্ত প্রচলিত বিধি-বিধান অনুযায়ী। |
| (৩) | উপ-পরিচালক | | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলীর মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে :**<br>সহকারী পরিচালক, হিসাব রক্ষণ অফিসার, নিরীক্ষা ও হিসাব রক্ষণ কর্মকর্তা, সিনিয়র প্রশিক্ষক (পশুপালন), সিনিয়র ইন্সট্রাক্টর (পশুপালন), সিনিয়র প্রশিক্ষক (মৎস্য), সিনিয়র ইন্সট্রাক্টর (মৎস্য), সিনিয়র প্রশিক্ষক (স্টেনো-টাইপিং প্রশিক্ষণ কেন্দ্র), সিনিয়র প্রশিক্ষক (দপ্তরবিজ্ঞান প্রশিক্ষণ কেন্দ্র), সিনিয়র প্রশিক্ষক (ব্লক ও বাটিক প্রিন্টিং প্রশিক্ষণ কেন্দ্র), কমিউনিটি ডেভেলপমেন্ট অফিসার বা সহকারী প্রকৌশলী পদে অন্যূন ১০ (দশ) বৎসরের চাকুরীসহ ১০ (দশ) বৎসরের ১ম শ্রেণীর সরকারি চাকুরীর অভিজ্ঞতা।<br>**প্রেষণের ক্ষেত্রে :**<br>সরকার কর্তৃক প্রেষণ সংক্রান্ত প্রচলিত বিধি-বিধান অনুযায়ী। |
| (৪) | কো-অর্ডিনেটর | | পদোন্নতির মাধ্যমে | ডেপুটি কো-অর্ডিনেটর বা ডেপুটি কো-অর্ডিনেটর (ব্লক-বাটিক, পোষাক) পদে অন্যূন ৫(পাঁচ) বৎসর চাকুরির অভিজ্ঞতা। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| (৫) | অধ্যক্ষ (রুলস্‌টেক) | | পদোন্নতির মাধ্যমে | উপাধ্যক্ষ (রুলস্‌টেক) পদে অন্যূন ৫(পাঁচ) বৎসরের চাকুরির অভিজ্ঞতা। |
| (৬) | কম্পিউটার প্রোগ্রামার | The computer personnel (Govt. and Local Authorities Recruitment rules 1985 অনুযায়ী। | | |
| (৭) | ডেপুটি কো-অর্ডিনেটর | | পদোন্নতির মাধ্যমে | কমিউনিটি ডেভেলপমেন্ট অফিসার, সিনিয়র প্রশিক্ষক/সিনিয়র ইন্সট্রাক্টর (পশুপালন), সিনিয়র প্রশিক্ষক/সিনিয়র ইন্সট্রাক্টর (মৎস্য) পদে অন্যূন ৫(পাঁচ) বৎসরের চাকুরির অভিজ্ঞতা। |
| (৮) | ডেপুটি কো-অর্ডিনেটর (ব্লক-বাটিক পোষাক) | | পদোন্নতির মাধ্যমে | সিনিয়র প্রশিক্ষক (ব্লক ও বাটিক প্রিন্ট্রিং প্রশিক্ষণ কেন্দ্র) পদে অন্যূন ৫(পাঁচ) বৎসরের চাকুরির অভিজ্ঞতা। |
| (৯) | উপাধ্যক্ষ (রুলস্‌টেক) | | পদোন্নতির মাধ্যমে | কমিউনিটি ডেভেলপমেন্ট অফিসার, সিনিয়র প্রশিক্ষক (পশুপালন)/সিনিয়র ইন্সট্রাক্টর (পশুপালন), সিনিয়র প্রশিক্ষক/ (মৎস্য)/সিনিয়র ইন্সট্রাক্টর (মৎস্য), সিনিয়র প্রশিক্ষক (স্টেনো টাইপিং প্রশিক্ষণ কেন্দ্র), সিনিয়র প্রশিক্ষক (দপ্তর বিজ্ঞান প্রশিক্ষণ কেন্দ্র) পদে অন্যূন ৫(পাঁচ) বৎসরের চাকুরির অভিজ্ঞতা। |
| (১০) | সহকারী পরিচালক | ৩০ বৎসর | ৩০% সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং<br>৭০% পদোন্নতির মাধ্যমে | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ**<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা দ্বিতীয় শ্রেণীর (সম্মান)সহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা ৪ (চার) বৎসর মেয়াদী দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রী।<br>**পদোন্নতির ক্ষেত্রে ঃ**<br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা বা যুব উন্নয়ন কর্মকর্তা পদে অন্যূন ৭(সাত) বৎসরের চাকুরির অভিজ্ঞতা। |
| (১১) | সিনিয়র প্রশিক্ষক (পশুপালন) | ৩০ বৎসর | ৩০% সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং<br>৭০% পদোন্নতির মাধ্যমে | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ**<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পশুপালন বা পশু চিকিৎসায় প্রথম শ্রেণীর ৪ (চার) বৎসরের স্নাতক (সম্মান) বা সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী।<br>**পদোন্নতির ক্ষেত্রে ঃ**<br>প্রশিক্ষক (পশুপালন) বা ইন্সট্রাক্টর (পশুপালন) পদে অন্যূন ৭(সাত) বৎসরের চাকুরির অভিজ্ঞতা। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| (১২) | সিনিয়র ইন্সট্রাক্টর (পশুপালন) | ৩০ বৎসর | ৩০% সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং ৭০% পদোন্নতির মাধ্যমে | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ** কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পশুপালন বা পশু চিকিৎসায় প্রথম শ্রেণীর ৪ (চার) বৎসরের স্নাতক (সম্মান) বা সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী। **পদোন্নতির ক্ষেত্রে ঃ** প্রশিক্ষক (পশুপালন) বা ইন্সট্রাক্টর (পশুপালন) পদে অন্যূন ৭(সাত) বৎসরের চাকুরির অভিজ্ঞতা। |
| (১৩) | সিনিয়র প্রশিক্ষক (মৎস্য) | ৩০ বৎসর | ৩০% সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং ৭০% পদোন্নতির মাধ্যমে | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ** কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে মৎস্য বিজ্ঞানে প্রথম শ্রেণীর ৪ (চার) বৎসরের স্নাতক (সম্মান) অথবা সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী। **পদোন্নতির ক্ষেত্রে ঃ** প্রশিক্ষক (মৎস্য) বা ইন্সট্রাক্টর (মৎস্য) পদে অন্যূন ৭(সাত) বৎসরের চাকুরির অভিজ্ঞতা। |
| (১৪) | সিনিয়র ইন্সট্রাক্টর (মৎস্য) | ৩০ বৎসর | ৩০% সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং ৭০% পদোন্নতির মাধ্যমে | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ** কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে মৎস্য বিজ্ঞানে প্রথম শ্রেণীর ৪ (চার) বৎসরের স্নাতক (সম্মান) অথবা সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী। **পদোন্নতির ক্ষেত্রে ঃ** প্রশিক্ষক (মৎস্য) বা ইন্সট্রাক্টর (মৎস্য) পদে অন্যূন ৭(সাত) বৎসরের চাকুরির অভিজ্ঞতা। |
| (১৫) | সিনিয়র প্রশিক্ষক (স্টেনো টাইপিং প্রশিক্ষণ কেন্দ্র) | ৩০ বৎসর | ৩০% সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং ৭০% পদোন্নতির মাধ্যমে | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ** কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা দ্বিতীয় শ্রেণীর (সম্মান)সহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা ৪ (চার) বৎসর মেয়াদী দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রী। **পদোন্নতির ক্ষেত্রে ঃ** প্রশিক্ষক (স্টেনো টাইপিং প্রশিক্ষণ কেন্দ্র) পদে অন্যূন ৭(সাত) বৎসরের চাকুরির অভিজ্ঞতা। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| (১৬) | সিনিয়র প্রশিক্ষক (দপ্তরবিজ্ঞান প্রশিক্ষণ কেন্দ্র) | ৩০ বৎসর | ৩০% সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং ৭০% পদোন্নতির মাধ্যমে | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ**<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা দ্বিতীয় শ্রেণীর (সম্মান)সহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা ৪ (চার) বৎসর মেয়াদী দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রী।<br>**পদোন্নতির ক্ষেত্রে ঃ**<br>প্রশিক্ষক (স্টেনো টাইপিং প্রশিক্ষণ কেন্দ্র) পদে অন্যূন ৭(সাত) বৎসরের চাকুরির অভিজ্ঞতা। |
| (১৭) | সিনিয়র প্রশিক্ষক (ব্লক ও বাটিক প্রিন্টিং প্রশিক্ষণ কেন্দ্র) | ৩০ বৎসর | ৩০% সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং ৭০% পদোন্নতির মাধ্যমে | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ**<br>কোন চারুকলা ইন্সিটিটিউট হইতে এম ফাইন অথবা দ্বিতীয় শ্রেণী বা বিভাগের বি, ফাইন ডিগ্রী।<br>**পদোন্নতির ক্ষেত্রে ঃ**<br>ব্লক ও বাটিক প্রিন্টিং বিষয়ে প্রশিক্ষণপ্রাপ্ত প্রশিক্ষক (পোষাক তৈরী প্রশিক্ষণ কেন্দ্র) পদে অন্যূন ৭(সাত) বৎসরের চাকুরির অভিজ্ঞতা। |
| (১৮) | কমিউনিটি ডেভেলপমেন্ট অফিসার | ৩০ বৎসর | ৩০% সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং ৭০% পদোন্নতির মাধ্যমে | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ**<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সমাজ বিজ্ঞানে প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা দ্বিতীয় শ্রেণীর (সম্মান)সহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা ৪ (চার) বৎসর মেয়াদী দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রী।<br>**পদোন্নতির ক্ষেত্রে ঃ**<br>প্রশিক্ষক (পশুপালন), ইন্সট্রাক্টর (পশুপালন), প্রশিক্ষণ (মৎস্য), ইন্সট্রাক্টর (মৎস্য), প্রশিক্ষক (পোষাক তৈরী প্রশিক্ষণ কেন্দ্র) বা প্রশিক্ষক (স্টেনো টাইপিং প্রশিক্ষণ কেন্দ্র) পদে অন্যূন ৭(সাত) বৎসরের চাকুরির অভিজ্ঞতা। |
| (১৯) | হিসাবরক্ষণ অফিসার | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে ঃ**<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্যে স্নাতক ডিগ্রীসহ হিসাবরক্ষক পদে অন্যূন ১০ (দশ) বৎসরের চাকুরির অভিজ্ঞতা।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ**<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্যে প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা ২য় শ্রেণীর (সম্মান)সহ স্নাতকোত্তর ডিগ্রী অথবা ৪ (চার) বৎসর মেয়াদী দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রী। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| (২০) | নিরীক্ষা ও হিসাব রক্ষণ কর্মকর্তা | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:** কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্যে স্নাতক ডিগ্রীসহ হিসাব রক্ষণ পদে অন্যূন ১০ (দশ) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা। **সরাসরি নিয়োগের ক্ষেত্রে:** কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্যে প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা ২য় শ্রেণীর (সম্মান) সহ স্নাতকোত্তর ডিগ্রী অথবা ৪ (চার) বৎসর মেয়াদী দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রী। |
| (২১) | সহকারী প্রকৌশলী | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:** উপ-সহকারী প্রকৌশলী পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা। **সরাসরি নিয়োগের ক্ষেত্রে:** কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বি,এসসি ইঞ্জিনিয়ারিং (সিভিল) ডিগ্রী। |
| (২২) | (ক) উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | ৩০ বৎসর | ৩০% সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং ৭০% পদোন্নতির মাধ্যমে। | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে:** কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী বা ৪ (চার) বৎসর মেয়াদী দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রী। **পদোন্নতির ক্ষেত্রে:** ক্রেডিট সুপার-ভাইজার পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা। |
| | (খ) যুব উন্নয়ন কর্মকর্তা | ৩০ বৎসর | ৩০% সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং ৭০% পদোন্নতির মাধ্যমে। | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে:** কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী বা ৪ (চার) বৎসর মেয়াদী দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রী। **পদোন্নতির ক্ষেত্রে:** ক্রেডিট সুপার-ভাইজার পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা। |
| (২৩) | গ্রাফিক্স ডিজাইনার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত ইনস্টিটিউট অব গ্রাফিক্স আর্টস বা আর্টস কলেজ হইতে স্নাতক ডিগ্রী। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| (২৪) | প্রশিক্ষক (পশুপালন) | ৩০ বৎসর | ৮০% সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং ২০% পদোন্নতির মাধ্যমে। | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে:** কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা ইনস্টিটিউট হতে পশুপালন বিষয়ে দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রী বা স্নাতকসহ যুব উন্নয়ন অধিদপ্তরের কোন যুব প্রশিক্ষণ কেন্দ্র হইতে সংশ্লিষ্ট বিষয়ে ক+ গ্রেডে উত্তীর্ণ।<br>**পদোন্নতির ক্ষেত্রে:** প্রদর্শক পদে সংশ্লিষ্ট বিষয়ের উপর অন্যূন ৮ (আট) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা। |
| (২৫) | ইন্সট্রাক্টর (পশুপালন) | ৩০ বৎসর | ৮০% সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং ২০% পদোন্নতির মাধ্যমে। | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে:** কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা ইনস্টিটিউট হতে পশুপালন বিষয়ে দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রী বা স্নাতকসহ যুব উন্নয়ন অধিদপ্তরের কোন যুব প্রশিক্ষণ কেন্দ্র হইতে সংশ্লিষ্ট বিষয়ে ক+ গ্রেডে উত্তীর্ণ।<br>**পদোন্নতির ক্ষেত্রে:** প্রদর্শক পদে সংশ্লিষ্ট বিষয়ের উপর অন্যূন ৮ (আট) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা। |
| (২৬) | প্রশিক্ষক (মৎস্য) | ৩০ বৎসর | ৮০% সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং ২০% পদোন্নতির মাধ্যমে। | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে:** কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা ইনস্টিটিউট হতে মৎস্য বিজ্ঞান বিষয়ে দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রী অথবা স্নাতকসহ যুব উন্নয়ন অধিদপ্তরের কোন যুব প্রশিক্ষণ কেন্দ্র হইতে সংশ্লিষ্ট বিষয়ে ক+ গ্রেডে উত্তীর্ণ।<br>**পদোন্নতির ক্ষেত্রে:** প্রদর্শক পদে সংশ্লিষ্ট বিষয়ের উপর অন্যূন ৮ (আট) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা। |
| (২৭) | ইন্সট্রাক্টর (মৎস্য) | ৩০ বৎসর | ৮০% সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং ২০% পদোন্নতির মাধ্যমে। | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে:** কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা ইনস্টিটিউট হতে মৎস্য বিজ্ঞান বিষয়ে দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রী অথবা স্নাতকসহ যুব উন্নয়ন অধিদপ্তরের কোন যুব প্রশিক্ষণ কেন্দ্র হইতে সংশ্লিষ্ট বিষয়ে ক+ গ্রেডে উত্তীর্ণ।<br>**পদোন্নতির ক্ষেত্রে:** প্রদর্শক পদে সংশ্লিষ্ট বিষয়ের উপর অন্যূন ৮ (আট) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| (২৮) | প্রশিক্ষক (পোষাক তৈরী প্রশিক্ষণ কেন্দ্র) | ৩০ বৎসর | ৭০% সরাসরি নিয়োগের মাধ্যমে; ৩০% পদোন্নতির মাধ্যমে। | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে:** কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রীসহ উলনেটিং বা পোষাক তৈরী বিষয়ে সার্টিফিকেট কোর্স উত্তীর্ণ। **পদোন্নতির ক্ষেত্রে:** ডেমোনেস্ট্রেটর (ব্লক ও বাটিক প্রিন্টিং প্রশিক্ষণ কেন্দ্র) পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা। |
| (২৯) | প্রশিক্ষক (স্টেনো-টাইপিং প্রশিক্ষণ কেন্দ্র) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রীসহ স্টেনো-টাইপিং এ ৬ (ছয়) মাসের প্রশিক্ষণ সম্পন্ন হইতে হইবে। |
| (৩০) | উপ-সহকারী প্রকৌশলী | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | সরকারী অনুমোদিত কোন পলিটেকনিক ইনস্টিটিউট হইতে সিভিল ইঞ্জিনিয়ারিং এ দ্বিতীয় শ্রেণী বা বিভাগে ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং (সিভিল) উত্তীর্ণ। |
| (৩১) | অডিও ভিজ্যুয়াল টেকনিশিয়ান | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে দ্বিতীয় শ্রেণীর ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং (ইলেকট্রোনিক্স) এ উত্তীর্ণসহ অডিও ভিজ্যুয়াল সংক্রান্ত কাজে অন্যূন ২ বৎসরের বাস্তব অভিজ্ঞতা। |
| (৩২) | লাইব্রেরীয়ান | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে লাইব্রেরী সায়েন্স বা তথ্য বিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিষয়ে দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রী অথবা সংশ্লিষ্ট বিষয়ে ৪ (চার) বৎসর মেয়াদী দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রী। |
| (৩৩) | ক্রেডিট সুপার ভাইজার | ৩০ বৎসর | ৭০% সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং ৩০% পদোন্নতির মাধ্যমে। | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে:** কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে দ্বিতীয় শ্রেণীর স্নাতক বা সমমানের ডিগ্রী। **পদোন্নতির ক্ষেত্রে:** প্রধান সহকারী, প্রধান সহকারী কাম হিসাব রক্ষক বা সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| (৩৪) | হিসাব রক্ষক | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতি যোগ্য কোন প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে:** সহকারী হিসাব রক্ষক পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা **সরাসরি নিয়োগের ক্ষেত্রে:** কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্য বিভাগে স্নাতক ডিগ্রীসহ হিসাব সংক্রান্ত কাজে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের বাস্তব অভিজ্ঞতা। |
| (৩৫) | ডেমোনেস্ট্রেটর (ব্লক ও বাটিক প্রিন্টিং প্রশিক্ষণ কেন্দ্র) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে ১/৩ ভাগ; এবং পদোন্নতির মাধ্যমে ২/৩ ভাগ। | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে:** কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন স্নাতক ডিগ্রীসহ সরকারি কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে ব্লক ও বাটিক প্রিন্টিং ট্রেডে প্রশিক্ষণ এবং ১ (এক) বৎসরের বাস্তব অভিজ্ঞতা। **পদোন্নতির ক্ষেত্রে:** জুনিয়র ডেমোনেস্ট্রেটর (ব্লক ও বাটিক প্রিন্টিং প্রশিক্ষণ কেন্দ্র) বা জুনিয়র প্রশিক্ষক (পোষাক তৈরী প্রশিক্ষণ কেন্দ্র) পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা। |
| (৩৬) | কম্পিউটার অপারেটর | The computer personnel (Govt. and Local Authorities) Recruitment Rules 1985 অনুযায়ী। | | |
| (৩৭) | সহকারী হিসাব রক্ষক | | পদোন্নতির মাধ্যমে | হিসাব সহকরী কাম-মুদ্রাক্ষরিক পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা। |
| (৩৮) | প্রধান সহকারী কাম-হিসাব রক্ষক | | পদোন্নতির মাধ্যমে | ক্যাশিয়ার পদে অন্যূন ০৭ (সাত) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা। |
| (৩৯) | প্রধান সহকারী | | পদোন্নতির মাধ্যমে | উচ্চমান সহকারী পদে অন্যূন ০৫ (পাঁচ) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা। |
| (৪০) | অডিটর | | পদোন্নতির মাধ্যমে | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্যে স্নাতক ডিগ্রীসহ ক্যাশিয়ার পদে অন্যূন ০৭ (সাত) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা। |
| (৪১) | সাঁট-লিপিকার-কাম-কম্পিউটার অপারেটর | The Stenographers and Steno-typists (Ministries, Divisions and Attached Departments) Recruitment Rules, 1978 অনুযায়ী; তবে মুদ্রাক্ষর যন্ত্রের গতি সম্পর্কিত বিধানের পরিবর্তে কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং এর গতি নিম্নরূপ থাকিতে হইবে ঃ- বাংলা ঃ প্রতি মিনিটে সর্বনিম্ন ২৫(পঁচিশ) শব্দ ইংরেজী ঃ প্রতি মিনিটে সর্বনিম্ন ৩০(ত্রিশ) শব্দ। | | |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| (৪২) | প্রদর্শক | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ যুব উন্নয়ন অধিদপ্তরের যে কোন যুব প্রশিক্ষণ কেন্দ্র হইতে গবাদিপশু ও হাঁস-মুরগীপালন, মৎস্য চাষ ও কৃষি বিষয়ক ২(দুই) মাস ১৫ (পনের) দিন মেয়াদী কোর্সে "ক" গ্রেডে উত্তীর্ণ। |
| (৪৩) | সাঁট-মুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর | The Stenographers and Steno-typists (Ministries, Divisions and Attached Departments) Recruitment Rules, 1978 অনুযায়ী; তবে মুদ্রাক্ষর যন্ত্রের গতি সম্পর্কিত বিধানের পরিবর্তে কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং এর গতি নিম্নরূপ থাকিতে হইবে ঃ-<br>বাংলা ঃ প্রতি মিনিটে সর্বনিম্ন ২৫(পঁচিশ) শব্দ<br>ইংরেজী ঃ প্রতি মিনিটে সর্বনিম্ন ৩০(ত্রিশ) শব্দ। | | |
| (৪৪) | পোষাক বিক্রয় সহকারী | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতকডিগ্রী। |
| (৪৫) | উচ্চমান সহকারী | | পদোন্নতির মাধ্যমে | হিসাব সহকারী কাম-মুদ্রাক্ষরিক বা অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে অন্যূন ০৫ (পাঁচ) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা। |
| (৪৬) | জুনিয়র প্রশিক্ষক (পোষাক তৈরী প্রশিক্ষণ কেন্দ্র) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ পোষাক তৈরী ট্রেডে প্রশিক্ষণ-প্রাপ্ত এবং পোষাক তৈরী ট্রেডে প্রশিক্ষণ প্রদানে ১(এক) বৎসরের বাস্তব অভিজ্ঞতা। |
| (৪৭) | জুনিয়র ডেমোনেস্ট্রেটর (ব্লক ও বাটিক প্রশিক্ষণ কেন্দ্র) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ পোষাক তৈরী ট্রেডে প্রশিক্ষণ-প্রাপ্ত এবং পোষাক তৈরী ট্রেডে প্রশিক্ষণ প্রদানে ১(এক) বৎসরের বাস্তব অভিজ্ঞতা। |
| (৪৮) | ট্রান্সপোর্ট মেকানিক | The Gazetted and non-gazetted Staff (Government Transport Directorate) Recruitment Rules, 1984 অনুযায়ী। | | |
| (৪৯) | সিনিয়র স্টোর কিপার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্যে ২য় শ্রেণীর স্নাতক বা সমমানের ডিগ্রীসহ ভাণ্ডার রক্ষণাবেক্ষণ কাজে অভিজ্ঞতা। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| (৫০) | ফটোগ্রাফার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে ফটোগ্রাফিক কোর্সে ডিপ্লোমা এবং ২ (দুই) বৎসরের কাজের বাস্তব অভিজ্ঞতা। |
| (৫১) | গাড়ী চালক | The Gazetted and non-gazetted Staff (Government Transport Directorate) Recruitment Rules, 1984 অনুযায়ী। | | |
| (৫২) | স্টোর কিপার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্যে স্নাতক বা সমমানের ডিগ্রীসহ ভাণ্ডার রক্ষণাবেক্ষণ কাজে অভিজ্ঞতা। |
| (৫৩) | হিসাব সহকারী কাম-মুদ্রাক্ষরিক | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বোর্ড হইতে বাণিজ্য বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং এর গতি নিম্নরূপ থাকিতে হইবেঃ-<br>বাংলাঃ প্রতি মিনিটে সর্বনিম্ন ২০(বিশ) শব্দ<br>ইংরেজীঃ প্রতি মিনিটে সর্বনিম্ন ২০(বিশ) শব্দ। |
| (৫৪) | ক্যাশিয়ার | মন্ত্রণালয় ও বিভাগসমূহের হিসাব কোষের কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ বিধিমালা, ১৯৯৫ অনুযায়ী। | | |
| (৫৫) | অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | নিম্নমান সহকারী-তথা-মুদ্রাক্ষরিক, প্লেইন পেপার কপিয়ার, ডুপ্লিকেটিং মেশিন অপারেটর, ডেসপাস রাইডার, দপ্তরী ও এম.এল.এস.এস (মন্ত্রণালয়/বিভাগ ও সংযুক্ত অধিদপ্তর) বিধিমালা, ১৯৯৩ অনুযায়ী; তবে মুদ্রাক্ষর যন্ত্রের গতি সম্পর্কিত বিধানের পরিবর্তে কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং এর গতি নিম্নরূপ থাকিতে হইবে ঃ-<br>বাংলা ঃ প্রতি মিনিটে সর্বনিম্ন ২০(বিশ) শব্দ<br>ইংরেজী ঃ প্রতি মিনিটে সর্বনিম্ন ২০(বিশ) শব্দ। | | |
| (৫৬) | ইলেকট্রিসিয়ান কাম পাম্প অপারেটর | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ ৬(ছয়) মাসের ইলেক্ট্রিক্যাল ট্রেড কোর্স উত্তীর্ণ। |
| (৫৭) | মেকানিক | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে হার্ডওয়ার মেইনটেন্যান্স এ প্রশিক্ষণসহ মেকানিক (কম্পিউটার) হিসাবে ২ (দুই) বৎসরের বাস্তব অভিজ্ঞতা। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| (৫৮) | মেকানিক হেলপার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে হার্ডওয়ার মেইনটেন্যান্স এ প্রশিক্ষণসহ মেকানিক হেলপার হিসাবে ১ (এক) বৎসরের বাস্তব অভিজ্ঞতা। |
| (৫৯) | ইলেকট্রিসিয়ান কাম-পাম্প অপারেটর | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ ৬(ছয়) মাসের ইলেক্ট্রিক্যাল ট্রেড কোর্স উত্তীর্ণ। |
| (৬০) | মৎস্য সহকারী | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ সংশ্লিষ্ট বিষয়ে প্রশিক্ষণসহ ২ (দুই) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা। |
| (৬১) | ক্যাশ সরকার | মন্ত্রণালয় ও বিভাগসমূহের হিসাব কোষের কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ বিধিমালা, ১৯৯৫ অনুযায়ী। | | |
| (৬২) | গেস্টেটনার অপারেটর | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ গেস্টেটনার মেশিন চালনায় বাস্তব অভিজ্ঞতা। |
| (৬৩) | বাবুর্চি | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ সংশ্লিষ্ট কাজে বাস্তব অভিজ্ঞতা। |
| (৬৪) | বার্তাবাহক | নিম্নমান সহকারী-তথা-মুদ্রাক্ষরিক, প্লেইন পেপার কপিয়ার, ডুপ্লিকেটিং মেশিন অপারেটর, ডেসপাস রাইডার, দপ্তরী ও এম.এল.এস.এস (মন্ত্রণালয়/বিভাগ ও সংযুক্ত অধিদপ্তর) বিধিমালা, ১৯৯৩ অনুযায়ী। | | |
| (৬৫) | ক্যাটল এণ্ড পোল্ট্রি এটেনডেন্ট | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ সংশ্লিষ্ট কাজে বাস্তব অভিজ্ঞতা। |
| (৬৬) | বেয়ারার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| (৬৭) | কিচেন কাম-ডাইনিং রুম এটেনডেন্ট | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ সংশ্লিষ্ট কাজে বাস্তব অভিজ্ঞতা। |
| (৬৮) | ফরাশ কাম নৈশ প্রহরী | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | অন্যূন অষ্টম শ্রেণী বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| (৬৯) | ঝাড়ুদার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | অন্যূন অষ্টম শ্রেণী বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| (৭০) | দারোয়ান | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | অন্যূন অষ্টম শ্রেণী বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| (৭১) | গার্ড | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | অন্যূন অষ্টম শ্রেণী বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| (৭২) | এম.এল.এস.এস/ এম.এল.এস.এস কাম-নৈশ প্রহরী/ নৈশ প্রহরী কাম-ফরাশ/নৈশ প্রহরী কাম-ঝাড়ুদার/ ম্যাসেঞ্জার/ ঝাড়ুদার/বাবুর্চি/ মালি | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | এম.এল.এস.এস এর ক্ষেত্রে কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং বাবুর্চির ক্ষেত্রে রন্ধন কাজে বাস্তব অভিজ্ঞতাসহ কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং অন্যান্য পদের ক্ষেত্রে অন্যূন অষ্টম শ্রেণী বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মনিরুল ইসলাম**
সিনিয়র সহকারী সচিব।

মোঃ আব্দুল বারিক (উপ-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
আবদুর রশিদ (উপ-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত web site: www.bgpress.gov.bd ।